■ Issue:13 ■ July-2023

UITS
Future will be better than thy past

# UITS Newsletter

UNIVERSITY OF INFORMATION TECHNOLOGY & SCIENCES



## ইউআইটিএস একটি শিক্ষার্থী বান্ধব বিশ্ববিদ্যালয় -অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস আয়োজিত বসন্তকালীন নবীনবরণ ২০২৩-এ প্রধান অতিথির আলোচনায় বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বিশিষ্ট সাহিত্যিক ও আলোকিত মানুষ গড়ার কারিগর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, ইউআইটিএস একটি শিক্ষার্থী বান্ধব বিশ্ববিদ্যালয়। বিভিন্ন ক্ষেত্রে বৃত্তি প্রদানসহ শিক্ষার্থীদের জন্য রয়েছে নানাবিধ সুযোগ। নামমাত্র খরচে উচ্চশিক্ষা লাভের দ্বার উন্মোচন করে দিয়েছেন শিক্ষানুরাগী আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ শিক্ষার্থীদের শিক্ষা লাভের মাধ্যমে আলোকিত মানুষ হয়ে মানবসেবায় আত্মনিয়োগের আহ্বান জানান।

গত ১১ মে ২০২৩, বেলা ১১টায় ইউআইটিএস ক্যাম্পাস প্রাঙ্গণে উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে উপস্থিত থাকেন ইউআইটিএস ও পিএইচপি ফ্যামিলির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। বিশেষ অতিথি ছিলেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও পিএইচপি ফ্যামিলির পরিচালক জনাব মোহাম্মদ আলী হোসেন।

আমন্ত্রিত অভ্যাগতদের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. এম কায়কোবাদ, আইন অনুষদের ডিন এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, এ কে এম রহমত উল্লাহ কলেজের অধ্যক্ষ জনাব মো. হাবিবুর রহমান ভূঁইয়া, গুলশান কমার্স কলেজের অধ্যক্ষ জনাব এম এ কালাম প্রমুখ। উৎসব স্থলে উপস্থিত ছিলেন অনুষদসমূহের ডিন, বিভাগীয় প্রধান, বিশিষ্ট শিক্ষাবিদ, সাংবাদিক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, এলামনাই, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ ।

# বছরব্যাপী নবীনবরণ উৎসবের স্মরণীয় কিছু মুহূর্ত




**গ্রীষ্মকালীন নবীনবরণ ২০১৪:** ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমানের উপস্থিতিতে প্রধান অতিথি মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভীকে সম্মাননা ক্রেস্ট প্রদানের দৃশ্য।



**বসন্তকালীন নবীনবরণ ২০১৬:** মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোহাম্মদ সাইদুল হকের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দিচ্ছেন ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমানসহ উপস্থিত অতিথিবর্গ।




**বসন্তকালীন নবীনবরণ ২০১৭:** ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমানের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেওয়া হচ্ছে। পাশে প্রধান অতিথি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর।




**বসন্তকালীন নবীনবরণ ২০১৮:** প্রধান অতিথি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের (ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য) হাতে ক্রেস্ট তুলে দিচ্ছেন ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান।



**শরৎকালীন নবীনবরণ ২০১৯:** ডিএনসিসি'র মেয়র জনাব মো. আতিকুল ইসলামের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দিচ্ছেন ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান।




**বসন্তকালীন নবীনবরণ ২০২০:** বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহকে সম্মাননা ক্রেস্ট যৌথ ভাবে প্রদান করছেন ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল (ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য)। মঞ্চে উপস্থিত আছেন ঢাকায় নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত মিসেস রীনা পি সোয়েমারনো এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান (সর্ব ডানে)।



**শরৎকালীন নবীনবরণ ২০২১:** প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ।




**শরৎকালীন নবীনবরণ ২০২২:** নবীনবরণ অনুষ্ঠানের প্রধান অতিথি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনির হাতে সম্মাননা ক্রেস্ট অর্পণ করছেন ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান।




## মহান বিজয় দিবস উদযাপন

১৬ ডিসেম্বর ২০২২, মহান বিজয় দিবস উদযাপনের অংশ হিসাবে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) ও কোষাধ্যক্ষ মহোদয়ের নেতৃত্বে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ বেলা ১০ টায় সাভারের নবীনগরস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর জনাব ড. মো. ইয়াছিন আলী প্রমুখ।

উল্লেখ্য, ভোর ৬.৩৪ টায় সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন, মহান বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হয়।




## মহান বিজয় দিবসে আলোচনা সভা

গত ১৬ ডিসেম্বর ২০২২, বিকেল ৩.৩০টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার (ভারপ্রাপ্ত) সভাপতিত্বে মহান বিজয় দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। প্রধান অতিথি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় সদস্য অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর তাঁর মূল্যবান আলোচনায় বলেন, মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত এ বিজয় এমনি এমনি আসেনি, এর পেছনে রয়েছে অনেক হৃদয় বিদারক ঘটনা ও করুণ ইতিহাস। এ মুক্তি সংগ্রামের মহানায়ক ছিলেন সর্বকালের সর্ব শ্রেষ্ঠ বাঙ্গালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় সভায় আলোচনা রাখেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, আইন অনুষদের ডিন এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া প্রমুখ।




## ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে ভাষা দিবস পালন

২১ ফেব্রুয়ারি ২০২৩, দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর পক্ষে মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে নিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও এক মিনিট নীরবতা পালনের মধ্য দিয়ে সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

উপাচার্য মহোদয়ের সাথে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস প্রমুখ।




## বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন

২৬ মার্চ ২০২৩, সাভারের নবীনগরস্থ জাতীয় স্মৃতিসৌধে মাননীয় উপাচার্যের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের সকল বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এসময় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সাথে ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর, শিক্ষক, শিক্ষার্থী, সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে প্রতি বছরের ন্যায় এ দিনও বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সূর্যোদয়ের সময়ে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচির শুভ সূচনা করা হয়।



## জাতির পিতার ১০৪তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন

১৭ মার্চ ২০২৩, বেলা ১০ টায় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার নেতৃত্বে ধানমন্ডি ৩২-এ বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর প্রাঙ্গণে স্থাপিত প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মদিন ও জাতীয় শিশু দিবসের কর্মসূচির সূচনা করা হয়।

মাননীয় উপাচার্যের সাথে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।




## বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন

১ বৈশাখ ১৪৩০ বাং. (১৪ এপ্রিল ২০২৩ খ্রি.) বাংলা বর্ষবরণের অংশ হিসাবে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এ জাতীয় সংগীত পরিবেশনার মাধ্যমে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের নেতৃত্বে শিক্ষক ও শিক্ষার্থীদের একটি বর্ণাঢ্য শোভাযাত্রা সমগ্র ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

দিবসটি উপলক্ষে ইউআইটিএস-এর মাননীয় চেয়ারম্যান, একুশে পদকপ্রাপ্ত আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান ও উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলকে নববর্ষের শুভেচ্ছা জানান ।



## আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৮১তম জন্মদিন এবং ইউআইটিএস দিবস উদযাপন

উৎসব মুখর পরিবেশের মধ্য দিয়ে ইউআইটিএস ও পিএইচপি ফ্যামিলির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৮১তম জন্মদিন ও একই সাথে ইউআইটিএস প্রতিষ্ঠার ২০তম বর্ষে পদার্পণ উপলক্ষে বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হয়েছে।

কর্মসূচির অংশ হিসাবে গত ১২ মার্চ ২০২৩, বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে একুশে পদকজয়ী, শিক্ষানুরাগী জনাব আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের বর্ণাঢ্য জীবন ও কর্মের উপর আলোচনা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় পরিচালিত অনুষ্ঠানে আলোচনা রাখেন বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বিশিষ্ট কম্পিউটার বিজ্ঞানী অধ্যাপক ড. এম কায়কোবাদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, আইন অনুষদের ডিন এডভোকেট ড. আব্দুল মান্নান ভূঁইয়া প্রমুখ। আলোচনা পর্ব শেষে দোয়া ও কেক কেটে ৮১তম জন্মদিন এবং ইউআইটিএস দিবসের কর্মসূচির সমাপ্তি ঘটে।




## মহররমের শিক্ষা ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা

ইউআইটিএস-এর রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে গত ৩০ জুলাই ২০২৩, বেলা ১০.৩০ টায় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে মহররমের শিক্ষা ও তাৎপর্য শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সভাকে -

আলোকিত করেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর ধর্ম বিষয়ক উপদেষ্টা জনাব আফিফ আব্দুল কাদের মানসুর আল জিলানী। তিনি মহররম মাসের তাৎপর্য তুলে ধরে বলেন, মহররম হিজরি মাসসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ একটি মাস। যে মাসের ১০ তারিখ পবিত্র আশুরা। এ দিনটি ইতিহাসের অনেক গুরুত্বপূর্ণ ঘটনার স্বাক্ষী। সবচেয়ে হৃদয়বিদারক ঘটনাটি ঘটে কারবালার প্রাঙ্গণে, ইমাম হোসাইন (রা.)-এর স্বপরিবারে শাহাদাত বরণের মধ্য দিয়ে। কারবালার ঘটনা এমন একটি ইতিহাস যা মানুষকে মিথ্যার কাছে মাথানত না করে সত্য প্রতিষ্ঠা করার শিক্ষা দেয়। তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের কারবালার ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করে বাস্তব জীবনে কাজে লাগানোর আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে বক্তব্য রাখেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ এবং পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। আলোচনায় অংশগ্রহণ করেন বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, আমেরিকান এক্সপ্রেস ব্যাংকের প্রাক্তন ভাইস চেয়ারম্যান জনাব রোকাইবা দাস্তগীর প্রমুখ।




## ইউআইটিএস-এ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধুর ৪৮তম শাহাদাতবার্ষিকী পালন

১৫ আগস্ট ২০২৩, বেলা ১১ টায় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার নেতৃত্বে ধানমন্ডি ৩২-এ বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর প্রাঙ্গণে স্থাপিত প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদনসহ শোকাবহ ১৫ আগস্টে তাঁর পরিবারের সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। মাননীয় উপাচার্যের সাথে এ সময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সূর্যোদয়ের সময়ে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনমিত), কালো পতাকা উত্তোলন, কালো ব্যাজ ধারণের মধ্য দিয়ে দিবসের কর্মসূচির সূচনা করা হয়।



## ফার্মেসি বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ইউআইটিএস ফার্মেসি বিভাগ গত ১৩ ফেব্রুয়ারি ২০২৩, বেলা ৯ টায় ইউআইটিএস পিএইচপি স্কয়ারে শুরু হতে যাওয়া নতুন সেমিস্টার ও শেষ বর্ষের শিক্ষার্থীদের অংশগ্রহণে নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানের শুভ সূচনা ঘটে পবিত্র কুরআনুল কারিম তেলাওয়াত, বাইবেল এবং গীতা পাঠের মধ্য দিয়ে। ফার্মেসি বিভাগের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কিত করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। ফার্মেসি বিভাগের সম্মানিত বিভাগীয় প্রধান জনাব মো. মোফাজ্জল হোসেনের সভাপতিত্বে পরিচালিত আলোচনা পর্বে বক্তব্য রাখেন অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ, বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক প্রমুখ। বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকমণ্ডলীর উপস্থিতি ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে কার্যক্রমের সমাপ্তি ঘটে।





## LEETCON Contest 2023-এ সিএসই বিভাগের অংশগ্রহণ

মিলিটারী ইনস্টিটিউট অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের এমআইএসটি কম্পিউটার ক্লাবের উদ্যোগে ২০ মে ২০২৩, রোজ শনিবার "LEETCON 2023" সিটিএফ কন্টেস্টের আয়োজন করা হয়। প্রতিযোগিতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে অংশগ্রহণকারী ৯০টি দলের মাঝে ইউআইটিএস-এর কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে তিনটি টিম অংশগ্রহণ করে। প্রতিযোগিতা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের প্রভাষক ও কম্পিউটার ক্লাবের মেন্টর মৃন্ময় বিশ্বাস আকাশ এবং ইউআইটিএস কম্পিউটার ক্লাবের সাইবার সিকিউরিটি উইংস-এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।




## Seminar on Pharmaceutical Manufacturing and Documentation

UITS Pharmacy Club organized a seminar titled “Pharmaceutical Manufacturing and Documentation” on 16 February 2023, at Ratnagarbha Tahmina Rahman Multipurpose Hall. Shahibuddin Hasan Rayhan, officer, Production, Jenphar Bangladesh Ltd. was the keynote speaker of the seminar. He nicely explained the carrier prospect of the industrial pharmacists and presented a video documentary illustrating the manufacturing process of different pharmaceutical dosage forms. Professor Dr. Md. Mazharul Hoque, the Dean of the Faculty of Science and Engineering, Md. Mofazzal Hossain, head of the pharmacy department and all of the faculty members of the Dept. of Pharmacy graced the program.





## Workshop on "Industrial Automation Engineering and Career Guidelines in Automation Industries"

Department of EEE had organized a Workshop on "Industrial Automation Engineering and Career Guidelines in Automation Industries" at 11:30 am on 01 June 2023, at the Department of EEE, UITS. The Workshop aims to provide valuable insights and guidance to participants interested in pursuing a career in the field of industrial automation. The event would feature expert speakers who would share their knowledge and expertise, shedding light on the latest trends, technologies, and career opportunities in the automation industry.



## MoU Signing Ceremony held in UITS

Memorandum of Understanding Signing Ceremony between University of Information Technology & Sciences, AmarSource Ltd. and RMS Eco Block Ltd. held on 21 August 2023, at Conference room of UITS for collaboration on development of Concrete block making machine to reduce the environmental impact of clay burn brick fields and develop local resources in Bangladesh. The Department of Civil Engineering organized the program. The honorable Vice Chancellor (Acting) Prof. Dr. Md. Abu Hashan Bhuiyan, Treasurer Prof. Dr. Siraj Uddin Ahmed, Dean of the Faculty of Science and Engineering, Prof. Dr. Md. Ashraful Islam, Registrar Mohammad Kamrul Hasan, Additional Registrar Abu Zafar Md. Mohsin, Assistant Professor and Head (Acting) of CE Aysha Akter and distinguished faculty members of Civil Engineering Department were present at the ceremony.



**“Mankind, the most precious gift of Allah, is created to represent Him on earth, So he is the image of Allah. Unlimited strength and capabilities have been given to him. When this small pack of mankind does his job with utmost effort combined with divine blessings, this brings forth great success. We believe that the highest art in human life is to awaken the latent talent and to nurture it to face the trials of life manfully, courageously and resolutely.”**

—— Sufi Mohamed Mizanur Rahman



## The Election of the English Club -2023 was held

The Election of the English Club of the Department of English, was held on 1 June 2023, at the Department. The election was performed in a festive manner with the participation of all the students and faculty members of the Department. The Vice Chancellor (Acting) Professor Dr. Md. Abu Hashan Bhuiyan and Treasurer Professor Dr. Siraj Uddin Ahmed visited the election booth and observed the overall atmosphere of the election and exchanged their valuable opinion with the students participated in the election. After casting the Votes, the result was published among the participants at the PHP Square.



## সমাজকর্ম বিভাগ কর্তৃক শিক্ষাসফর

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর সমাজকর্ম বিভাগ ২৪ ডিসেম্বর ২০২২, গাজীপুরের সালনায় শিক্ষাসফরের আয়োজন করে। সহশিক্ষা কার্যক্রমের অংশ হিসাবে বিভাগীয় প্রধান জনাব মো. আনোয়ার হোসেনের নেতৃত্বে বিভাগের এক ঝাঁক শিক্ষার্থীর অংশগ্রহণে এ শিক্ষাসফরের আয়োজন করা হয়। নৌকা ভ্রমণ, খেলাধুলাসহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীরা দিনটি উদযাপন করে।



## ব্যবসায় শিক্ষা বিভাগ কর্তৃক বিজনেস কার্নিভাল উদযাপন

‘বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সরাসরি সম্পৃক্তকরণের মাধ্যমে এ ধরণের একটি ব্যবসা মেলার আয়োজন নিঃসন্দেহে প্রশংসনীয় উদ্যোগ। যা ভবিষ্যতে শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উৎসাহি করবে’। ব্যাবসায় শিক্ষা বিভাগের উদ্যোগে গত ৩১ মে ইউআইটিএস পিএইচপি স্কয়ারে আয়োজিত বিজনেস কার্নিভাল অনুষ্ঠানের উদ্বোধন কালে প্রধান অতিথির বক্তব্যে ইউআইটিএস-এর মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) এ কথা বলেন। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, ব্যবসায় অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম প্রমুখ। উৎসবের সার্বিক দায়িত্বে ছিলেন বিভাগীয় প্রধান জনাব মো. ইয়াহিন হোসেন।




## সিএসই বিভাগের সামার ফেস্ট ২০২৩ উদযাপন

সপ্তাহব্যাপী আয়োজনের মধ্য দিয়ে সিএসই বিভাগের কম্পিউটার ক্লাবের উদ্যোগে সামার ফেস্ট-২০২৩, উদযাপিত হয়। গত ১১ জুন ২০২৩, বিভাগটির বিভাগীয় প্রধান ও কম্পিউটার ক্লাবের মডারেটরের সভাপতিত্বে জমকালো সমাপনী অনুষ্ঠানের মধ্য দিয়ে সপ্তাহব্যাপী আয়োজনের পরিসমাপ্তি ঘটে। ওয়েব ডিজাইন, কম্পিটেটিভ প্রোগ্রামিং, টাইপিং, ফটোগ্রাফি, আর্ট, গ্রাফিক্স ডিজাইনসহ বিভিন্ন বিষয়ে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের দক্ষতা প্রমাণের সুযোগ লাভ করে। পাশাপাশি ফুটবল টুর্নামেন্টসহ টেবিল টেনিস, দাবা, লুডুর মতো কিছু ঘরোয়া ইভেন্টেরও আয়োজন ছিলো। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। মোটিভেশনাল স্পিকার হিসাবে উপস্থিত ছিলেন ক্লাউডক্যাম্প বাংলাদেশের প্রতিষ্ঠাতা মোহাম্মদ মাহদী-উজ-জামান অপু। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক প্রমুখ।




## আইন বিভাগ কর্তৃক আয়োজিত বসন্তকালীন সেমিস্টার সমাপনী উৎসব ২০২৩

৭ জুন ২০২৩, রোজ বুধবার বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে (পিএইচপি চত্বর) বসন্তকালীন সেমিস্টার ২০২৩ এর সমাপনী উৎসব অনুষ্ঠিত হয়। দীর্ঘদিন ক্লাস করার পর শিক্ষার্থীরা যাতে উৎফুল্য ও খোশ মেজাজে সেমিস্টার ফাইনাল পরিক্ষায় অংশ নিতে পারে এ লক্ষ্যে আইন বিভাগের উদ্যোগে এবং ইউআইটিএস ল' ক্লাব-এর সার্বিক সহযোগিতায় উৎসবের আয়োজন করা হয়। আইন অনুষদের বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক জনাব রোস্তমা বেগম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বসন্তকালীন সেমিস্টার সমাপনী উৎসব ২০২৩-এর প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আবু হাসান ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টা ও আইন অনুষদের ডিন এডভোকেট ড. মোঃ আব্দুল মান্নান ভূঁইয়া, লিবারেল আর্টসের ডিন সৈয়দা আফসানা ফেরদৌসী এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান। আরো উপস্থিত ছিলেন আইন বিভাগের বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।



## আইন বিভাগের শিক্ষার্থীদের নিয়ে পিএইচপি ইস্পাত লিমিটেডের ফ্যাক্টরি পরিদর্শন

আইন বিভাগের শিক্ষার্থীদের কোর্স এসাইনমেন্টের ব্যবহারিক কাজের অংশ হিসাবে বিভাগের সম্মানিত চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক জনাব রোস্তমা বেগম চৌধুরীর তত্ত্বাবধানে গত ৩ জুন ২০২৩, নরসিংদীতে অবস্থিত পিএইচপি ফ্যামিলির ইস্পাত লিমিটেড ফ্যাক্টরি পরিদর্শনের আয়োজন করা হয়। কোর্স এসাইনমেন্টের ব্যবহারিক জ্ঞানের অংশ হিসাবে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ বাস্তবিক ক্ষেত্রে কতটুকু প্রয়োগ হয়ে থাকে, সে বিষয়ে সম্যক জ্ঞান লাভের উদ্দেশ্যে শিক্ষার্থীরা ফ্যাক্টরির বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করে। এ সময় শিক্ষার্থীদের সাথে আরো উপস্থিত ছিলেন উক্ত বিভাগের শিক্ষক জনাব মো. মাশরুর ইসলাম ও জনাব এস. এম. ফরিয়াল হক বাঁধন।



## আইকিউএসি'র উদ্যোগে সিও পিও অ্যাটেনমেন্ট বিষয়ক কর্মশালা

গত ৫ জুন ২০২৩, ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিওরেন্স সেল-এর উদ্যোগে ইউআইটিএস'র সভা কক্ষে 'সিও পিও অ্যাটেনমেন্ট' বিষয়ক এক কর্মশালার আয়োজন করা হয়। আইকিউএসি'র পরিচালক ও ইইই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। এছাড়া আরো উপস্থিত ছিলেন লিবারেল আর্টস অ্যান্ড শোসাল সায়েন্সেস অনুষদের ডিন সৈয়দা আফসানা ফেরদৌসী, আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক সুলতানা রোকেয়া নাহার প্রমুখ।




## বিকাশ ও ইউআইটিএস এর মধ্যে চুক্তি সম্পাদন

গত ২৫ মে ২০২৩, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের সাথে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বিকাশ এর একটি চুক্তি স্বাক্ষরিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া ও বিকাশের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এটি এম মাহবুব আলম স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, অতিরিক্ত রেজিস্ট্রার জনাব আবু জাফর মো. মোহসিন, বিকাশের সিইও অফিসের কমার্শিয়াল প্রজেক্টের উপদেষ্টা জনাব মো. আব্দুল আজিজ খান, জেনারেল ম্যানেজার জনাব রাইয়ান আহমদ, রিলেশনশিপ ম্যানেজার জনাব মাহবুব রহমান। বিকাশের সাথে সম্পাদিত এ চুক্তির আলোকে বিকাশ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সব ধরনের ফি সংগ্রহ করবে।



## Meet the Maestro

University of Information Technology & Sciences (UITS) had a unique day on 28 August 2023, when a session named "**Meet the Maestro**" took place at Ratnagarva Tahmina Rahman Multipurpose Hall with the presence of the students of the Department of Business Studies. Honorable Founder Chairman of KAM HAN Industrial Ltd. in Hong Kong, **K.C. Chhajer** was the Chief Guest of this special seminar. **Alhaj Sufi Mohamed Mizanur Rahman**, Honarable Chairman of BoT, UITS and PHP Family, delighted the seminar with his gracious participation. Honorable Vice Chancellor, Professor Dr. Md. Abu Hashan Bhuiyan; Honorable Treasurer, Professor Dr. Siraj Uddin Ahmed; Honorable Dean of the Faculty of Business, Dr. Farooq Hossan and Head of the Department of Business Studies, Dr. Md. Mahadi Hasan, were present at the session. The seminar was held with the aim of enhancing and broadening the knowledge of the students about business and entrepreneurship.

Honorable Chief Guest of the program shared his valuable thoughts on doing business. He said to all the students, "*Loss doesn't mean failure, Profit doesn't mean success. Success is to be honest while doing business. Making the customer happy and building long-term relationships with them is the key to success.*" The main attraction of the discussion was Sufi Mohamed Mizanur Rahman and his solicitous discussion. He described in details, using the examples of his own experience, how the desire to be a good person should be developed into the desire to be an ideal student. Additionally, He advised the students to behave responsibly and with loyalty towards the group to which they belong. With the words, "*If your heart is in your dream, no desire is too extreme,*" Honorable Chairman Sir concluded his speech. Students of the Department of Business Studies came out with a heart full of enthusiasm and motivation about their lives from the seminar.



## বসন্তকালীন সেমিস্টার ২০২৩-এ শিক্ষার্থীদের রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি প্রদান

গত ২৫ জুলাই ২০২৩, রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে আয়োজিত এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে বসন্তকালীন সেমিস্টার ২০২৩-এ ১০টি বিভাগ থেকে ত্রিশজন মেধাবী শিক্ষার্থীর মাঝে রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের সহধর্মিনী ও বিওটির সম্মানিত সদস্য তাহমিনা রহমানের নামে প্রতিষ্ঠিত 'রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল'-এর আওতায় প্রতি সেমিস্টারে ইউআইটিএস-এর সকল বিভাগ থেকে ন্যূনতম একজন ছাত্রীসহ তিনজন শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় আয়োজিত এ বৃত্তি প্রদান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ। আলোচনা রাখেন বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আশরাফুল ইসলাম ও বিজনেস অনুষদের ডিন ড. ফারুক হোসেন।



## নতুন শিক্ষকদের নিয়ে আইকিউএসি'র কর্মশালা

গত ২০ মার্চ ২০২৩, ইউআইটিএস-এর সভাকক্ষে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিওরেন্স সেলের উদ্যোগে ইউআইটিএস-এ নতুন নিয়োগ প্রাপ্ত শিক্ষকদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'ক্যাপাসিটি বিল্ডিং ফর নিউলি এপয়েন্টড ফ্যাকাল্টি মেম্বারস' বিষয়ক এক কর্মশালার আয়োজন করা হয়। পরিচালক ড. মো. মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ইউআইটিএস-এর মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব সুলতানা রোকেয়া নাহারের সঞ্চালনায় এ কর্মশালায় নতুন নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক অংশগ্রহণ করেন।

# Facilities for Students of UITS



Computer Programming Laboratory, CSE



Workshop Laboratory, Civil



Electrical Machine & Power System Protection Laboratory, EEE



Pharmaceutical Analysis Laboratory, Pharmacy




Moot Court, Law



Play Ground



Sufi Dayem Uddin Science and Engineering Library



Rahatun Nesa Business, Law & Liberal Arts Library































## আপনি কেন ইউআইটিএস-এ অধ্যয়ন করবেন

দেশকে তথ্য প্রযুক্তিতে এগিয়ে নেয়ার ভিশন নিয়ে ২০০৩ সালে প্রতিষ্ঠিত ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস বিশ্বমানের প্রফেশনাল বিনির্মাণে বিশেষ অবদান রেখে আসছে। সমাজসেবায় একুশে পদক-২০২০-এ ভূষিত বাংলাদেশের অন্যতম বৃহৎ শিল্প প্রতিষ্ঠান পিএইচপি ফ্যামিলির কর্ণধার সুফি মোহাম্মদ মিজানুর রহমান প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়টি আন্তর্জাতিক মানের শিক্ষা ব্যবস্থা স্বল্প খরচে সাধারণের দ্বারে পৌছে দেয়ার লক্ষ্যে পরিচালিত হচ্ছে।

### ইউআইটিএস যে কারণে শ্রেষ্ঠ –

- ঢাকার প্রাণকেন্দ্রে মনোরম স্থায়ী ক্যাম্পাস।
- দেশ ও বহিঃবিশ্বের শীর্ষস্থানীয় বিদ্যাপিঠ থেকে ডিগ্রী প্রাপ্ত শিক্ষকমণ্ডলী।
- ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ দেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ও বর্তমান অধ্যাপকগণের দিক নির্দেশনায় পরিচালিত শিক্ষা কার্যক্রম।
- বিজ্ঞান ও প্রকৌশল, ব্যবসায়, মানবিক ও আইন অনুষদের শিক্ষার্থীদের জন্য আন্তর্জাতিক মানের দু'টি গ্রন্থাগার।
- 'সুফি মোহাম্মদ মিজানুর রহমান ফাউন্ডেশন বৃত্তি তহবিল' ও 'রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল'-এর অধীনে পরিচালিত বৃত্তি।
- মুক্তিযোদ্ধা কোঠা ও বিভিন্ন ক্যাটাগরিতে শতভাগ বৃত্তি।
- মডার্ন ল্যাবরেটরি সুবিধা।
- মাল্টি মিডিয়া ক্লাস রুম সুবিধা।
- সুপরিসর খেলার মাঠ, মেডিকেল সেন্টার ও শরীরচর্চা কেন্দ্র।
- ক্যাফেটেরিয়া।
- পরিবহন সুবিধা।

# UITS

*Future will be better than thy past*

An initiative of PHP Family

| সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ | সর্বমোট ফি |
|---|---|
| বিএসসি ইন সিই | ৪,৯৭,৭০০ |
| বিএসসি ইন সিএসই | ৫,৬০,৭০০ |
| বিএসসি ইন আইটি | ৫,২৪,৭০০ |
| বিএসসি ইন ইইই | ৫,৬৪,২০০ |
| বিএসসি ইন ইসিই | ৫,৬০,৭০০ |
| ব্যাচেলর অব ফার্মেসি | ৫,৮১,৭০০ |
| এমএসসি ইন সিএসই | ১,১৭,৩০০ |
| এমএসসি ইন টেলিকম. ইঞ্জিনিয়ারিং | ১,১৭,৩০০ |
| **বিজনেস অনুষদ** | |
| বিবিএ | ৪,৪৪,৩০০ |
| এমবিএ (বিবিএ গ্র্যাজুয়েট) | ১,৩৭,৭০০ |
| ইএমবিএ | ১,৭৩,৯৫০ |
| এমবিএ (রেগুলার) | ২,৪১,৭০০ |
| **আইন অনুষদ** | |
| এলএলবি (অনার্স) | ৪,৫৮,৭০০ |
| এলএলএম | ৯৭,০০০ |
| **লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদ** | |
| বিএ (অনার্স) ইন ইংলিশ | ৩,৬৫,৭০০ |
| বিএসএস ইন সোস্যাল ওয়ার্ক | ২,৯৩,৭০০ |
| এমএ ইন ইংলিশ (ইংলিশ গ্র্যাজুয়েট) | ১,২৩,০০০ |
| এমএ ইন ইংলিশ (অন্যান্য) | ১,৮০,৫০০ |
| এমএসএস ইন সোস্যাল ওয়ার্ক | ৮২,২০০ |

## প্রমোশনাল বৃত্তি ও ওয়েভার

১০০% পর্যন্ত বৃত্তি সুবিধা

২০% সহোদর বৃত্তি

৭৫% শারীরিকভাবে চ্যালেঞ্জের সম্মুখীন শিক্ষার্থী বৃত্তি


২০% স্বামী-স্ত্রী বৃত্তি

- সুফি মোহাম্মদ মিজানুর রহমান ফাউন্ডেশন বৃত্তি তহবিল (আর্থিক সমস্যাগ্রস্থ মেধাবী শিক্ষার্থীদের জন্য)
- রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল (সেমিস্টার ফলাফলের ভিত্তিতে)
- সম্মানিত চেয়ারম্যান, বিওটি সদস্য ও উপাচার্যের বৃত্তি

* শর্ত প্রযোজ্য

| | |
|---|---|
| ১০% | এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৮.০<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৭.০ |
| ১৫% | এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৮.৫<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৭.৫<br>[ফার্মেসি ব্যতীত] |
| ২০% | এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৯.০<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৮.০ |
| ৩০% | এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৯.৫<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৮.৫ |
| ৪০% | এসএসসি + এইচএসসি মোট জিপিএ ১০.০<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৯.০ |
| ১০০% | এসএসসি + এইচএসসি সকল বিষয়ে এ+ (শর্ত সাপেক্ষে)<br>অবশিষ্টদের জন্য ৫০% ওয়েভার |

LOCATION MAP





UITS RESEARCH CENTER

**University of Information Technology & Sciences**

Permanent Campus: Holding 190, Road 5, Block J, Baridhara
Maddha Nayanagar, Vatara, Dhaka-1212, Bangladesh
Phone: 09678 008487, Mobile: 01713-487709, 01939-915209
01914-240649, 01844-043870
www.uits.edu.bd, Email: researchcenter@uits.edu.bd
www.facebook.com/theuits

**Patron** : **Prof. Dr. Md. Abu Hashan Bhuiyan**
Vice Chancellor (Acting)

**Chief Editor** : **Prof. Dr. K M Saiful Islam Khan**
Advisor, Board of Trustees

**Editor** : **Dr. Mst. Muslima Zahan**
Additional Director, UITS Research Center

**Assistant Editor** : **Tanvir Reza Sirazi**
Assistant Director, UITS Research Center

**Graphic Design** : **Sajibul Islam**
Intern, UITS Research Center

**Computer Compose** : **Md. Sajib Miah**
Office Assistant, UITS Research Center

**Published on** : **July 2023**

**Data Sources** : UITS Web Page
All Depertments